



ইউজিসি চেয়ারম্যান হিসেবে অধ্যাপক মান্নানের যোগদান

যুগান্তর রিপোর্ট

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিনি ও বিশিষ্ট রাজনৈতিক বিশ্লেষক অধ্যাপক আবদুল মান্নান বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) ১২তম চেয়ারম্যান হিসেবে রোরবার যোগদান করেছেন। একই দিন বিদায়ী চেয়ারম্যান অধ্যাপক ড. একে আজাদ চৌধুরীকে বিদায় সংবর্ধনা দেয়া হয়। বুধবার রাতে নোবাইল ফোনে আলাপকালে নয়া চেয়ারম্যান যুগান্তরকে জানান, বৃহস্পতিবার যোগদান : পৃষ্ঠা ৭ : কলাম ৬

যোগদান : মান্নানের (৩য় পৃষ্ঠার পর)

যোগদান করলেও তিনি রোরবার থেকে দফতরে বসবেন। অধ্যাপক মান্নান ১৯৭৩ সালের ৬ আগস্ট চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক হিসেবে যোগদান করেন। তিনি বিভাগের সভাপতি, অনুষদের ডিন, সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, বোর্ড অব এডভান্সড স্টাডিজ, ফাইন্যান্স কমিটির সদস্য নির্বাচিত হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৮৯ সালে তিনি বিশ্বব্যাংকের ফেলোশিপ নিয়ে ওয়াশিংটন স্টেট ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক বাণিজ্যের ওপর উচ্চতর গবেষণা করেন। ১৯৯৮ সালে তিনি ব্রিটিশ কাউন্সিল ফেলোশিপের অধীনে চেষ্টার বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা প্রশাসনের ওপর বিশেষ প্রশিক্ষণ গ্রহণ করেন।
বিদায় সংবর্ধনা : বৃহস্পতিবার বিকালে ইউজিসি অফিসার্স অ্যাসোসিয়েশনের এবং ইউজিসি কর্মচারী ইউনিয়ন যৌথভাবে বিদায়ী চেয়ারম্যান (প্রতিমন্ত্রী) অধ্যাপক ড. একে আজাদ চৌধুরীকে সংবর্ধনা দেয়। ইউজিসি মিলনায়তনে এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউজিসি অফিসার্স অ্যাসোসিয়েশনের ভারপ্রাপ্ত সভাপতি ওমর ফারুক। এতে ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মাদ মোহাম্মদ খান, অধ্যাপক ড. আবুল হাশেম এবং অধ্যাপক ড. মো. আখতার হোসেন বক্তব্য রাখেন।